



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে বিপন্ন রোহিঙ্গাদের জন্য ত্রাণ সামগ্রী হস্তান্তর অনুষ্ঠান



০৮ অক্টোবর-২০১৭, রবিবার জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের পক্ষে 'মিয়ানমার থেকে জোরপূর্বক বিতাড়িত রোহিঙ্গাদের জন্য ত্রাণ সামগ্রী হস্তান্তর অনুষ্ঠান' বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথির হিসেবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মোফাজ্জল হোসেন চৌধুরী মায়ী, বীর বিক্রম, এম.পি. উপস্থিত ছিলেন।

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক মোঃ সেলিম ভূঁইয়া-এর সভাপতিত্বে এবং রেজিস্ট্রার প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান-এর সঞ্চালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের সচিব মোঃ শাহ্ কামাল ও উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

এছাড়াও অনুষ্ঠানে জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি ও সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. প্রিয়ব্রত পাল, কলা অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ সেলিম, কর্মকর্তা সমিতির সাধারণ সম্পাদক মোঃ আলতাফ হোসেন, কর্মচারী সমিতির সভাপতি মোহাম্মদ আনোয়ার হোসেন, সহায়ক কর্মচারী সমিতির সভাপতি মোঃ আব্দুর রহমান নান্নু প্রমুখ বক্তব্য প্রদান করেন। এসময় বিভিন্ন অনুষদের ডিন, বিভাগের চেয়ারম্যান, শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান ত্রাণসামগ্রীসমূহ মন্ত্রী মহোদয়ের নিকট হস্তান্তর করেন। উল্লেখ্য, আগামী ২০ অক্টোবর, ২০১৭ জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের একযুগ পূর্তি হতে যাচ্ছে। এবারের বিশ্ববিদ্যালয় দিবসের আড়ম্বরতা পরিহার করে উক্ত অনুষ্ঠানের জন্য ব্যয়িতব্য অর্থ মিয়ানমার থেকে বিতাড়িত রোহিঙ্গাদের মাঝে বিতরণের ব্যাপারে গত ১৮ সেপ্টেম্বর (সোমবার) বিশ্ববিদ্যালয় দিবস উদ্যাপন উপলক্ষে গঠিত কমিটির সভায় এই সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছিল। এছাড়া ত্রাণ কার্যক্রমে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগ ও দপ্তর অংশগ্রহণ করছে। এই কর্মসূচি আওতায় শিশু খাদ্য ও নিত্য প্রয়োজনীয় দ্রব্যসহ প্রায় ১৫ পনের লক্ষ টাকার ত্রাণ সামগ্রী ১,০০০ রোহিঙ্গা পরিবারের মাঝে বিতরণ করা সম্ভব হবে।